যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১২১

১/ বিবিধ

আরবী

ما نحل والد ولدا من نحل أفضل من أدب حسن

ضعيف

أخرجه البخاري في " التاريخ " (1/1/422) والترمذي (1/354) والحاكم (4/263) وعبد بن حميد في " المنتخب من المسند " (ق 46/1) والعقيلي في " الضعفاء " (ص 315) وابن الضريس في " أحاديث مسلم بن إبراهيم الفراهيدي " (ق 6/1) والقضاعي في " مسند الشهاب " (105/2) والخطيب في " الموضح " (2/166) وابن عساكر في " تاريخ دمشق " (13/226/2 و17/198/2) كلهم من طريق عامر بن أبي عامر الخزاز، حدثنا أيوب بن موسى عن أبيه عن جده أن رسول الله صلى الله عليه وسلم قال:

فذكره. وضعفه الترمذي بقوله: حديث غريب، لا نعرفه إلا من حديث عامر بن أبي عامر الخزاز، وهو عامر بن صالح رستم الخزاز، وأيوب بن موسى هو ابن عمرو بن سعيد بن العاصي، وهذا عندي حديث مرسل

وقال البخاري عقب الحديث

مرسل، ولم يصح سماع جده من النبي صلى الله عليه وسلم

وأما الحاكم، فقال

صحيح الإسناد

ورده الذهبي بقوله

قلت: بل مرسل ضعيف، ففي إسناده عامر بن صالح الخزاز واه

وقال العقيلي
" عامر بن صالح بن رستم، لا يتابع على حديثه، ولا يعرف إلا به، رأيت في كتاب محمد بن وارة ـ أخرجه إلي ابنه بـ (الري) ـ سألت أبا الوليد عن عامر بن أبي عامر الخزاز فقال: كتبت عنه حديث أيوب بن موسى عن أبيه عن جده (قلت: فذكر الحديث هذا) ، فبينما نحن عنده يوما إذ قال: حدثنا عطاء بن أبي رباح، أو: سمعت عطاء بن أبي رباح، وسئل عن كذا وكذا، فقلت: في سنة كم؟ قال: في أربع وعشرين، قلنا: فإن عطاء توفي في سنة بضع عشرة
قلت: ويتلخص مما تقدم، أن للحديث علتين
الأولى: ضعف عامر بن صالح الخزاز، وفي التقريب
صدوق، سيىء الحفظ، أفرط فيه ابن حبان فقال: يضع
الثانية: الإرسال. وبيانه أنه من رواية أيوب بن موسى، عن أبيه عن جده مرفوعا. وجد أيوب هو عمرو بن سعيد بن العاصي كما تقدم في كلام الترمذي، وعمرو هذا تابعي، قال الحافظ
" وهم من زعم أن له صحبة، وإنما لأبيه رؤية، وكان عمرو مسرفا على نفسه يعني بخروجه على عبد الملك بن مروان ينازعه الخلافة، فاحتال عليه عبد الملك فقتله
قلت: وللحديث علة ثالثة، وهي جهالة موسى بن عمرو بن سعيد، قال الذهبي
ما حدث عنه سوى ولده أيوب بن موسى
وقال الحافظ في التقريب
مستور
قلت: وروي الحديث عن ابن عمر وأبي هريرة بإسنادين واهيين
أما حديث ابن عمر فيرويه محمد بن عبد الله بن حفص الأنصاري نا محمد بن موسى السعدي عن عمرو بن دينار عن سالم عن أبيه به
أخرجه الطبراني في " المعجم الكبير " (2/ 3/194/2) وابن عدي في " الكامل " (362/2) وقال

هو بهذا الإسناد منكر، محمد بن موسى منكر الحديث، وليس بذاك المعروف، ولم أر أحدا يحدث عنه غير محمد بن عبد الله بن حفص الأنصاري

قلت: وعمرو بن دينار ليس هو المكي الثقة، بل الأعور البصري قهرمان آل الزبير ضعيف أيضا

وأما حديث أبي هريرة، فيرويه مهدي بن هلال حدثنا هشام بن حسان عن محمد بن سيرين عن أبي هريرة مرفوعا به

أخرجه العقيلي (425) وقال

ليس بالمحفوظ من حديث هشام بن حسان، وإنما يعرف من رواية عامر بن أبي عامر الخزاز عن أيوب بن موسى عن أبيه عن جده وفيه أيضا مقال

قلت: ومهدي هذا كذبه يحيى بن سعيد وابن معين

বাংলা

১১২১। কোন পিতা সন্তানকে এমন কোন হাদিয়া দেয়নি যা উত্তম আদবের চেয়ে বেশী শ্রেষ্ঠ।

হাদীসটি দুর্বল।

হাদীসটি বুখারী “আত-তারীখ” গ্রন্থে (১/১/৪২২), তিরমিযী (১/৩৫৪-১৮৭৫), হাকিম (৪/২৬৩), আব্দুল হামীদ "আল-মুন্তাখাব মিনাল মুসনাদ" গ্রন্থে (কাফ ১/৪৬), ওকায়লী "আযযু’আফা" গ্রন্থে (পৃঃ ৩১৫) ও আরো অনেকে আমের ইবনু আবী আমের আল-খাযযায হতে, তিনি আইউব ইবনু মূসা হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে বর্ণনা করেছেন যে রসূল বলেছেনঃ ...।

হাদীসটিকে ইমাম তিরযিমী গারীব বলে দুর্বল আখ্যা দিয়েছেন। তিনি বলেছেন হাদীসটি আমরা একমাত্র আমের ইবনু আবী আমের হতে জেনেছি। তিনি হচ্ছেন আমের ইবনু সালেহ ইবনে রুস্তম আল-খাযযায। ... আমার নিকট এটি মুরসাল।

ইমাম বুখারী বলেনঃ এটি মুরসাল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে তার দাদার শ্রবণ সাব্যস্ত হয়নি।

হাকিম বলেছেনঃ সনদটি সহীহ। হাফিয যাহাবী তার বিরোধিতা করে বলেছেনঃ বরং এটি মুরসাল হিসেবেও দুর্বল। তার সনদে আমের ইবনু আবী ’আমের রয়েছেন তিনি দুর্বল। উকায়লী বলেনঃ আমের ইবনু সালেহ্ ইবনে রুস্তমের হাদীসের মুতাবা’য়াত করা যায় না। তাকে একমাত্র এ হাদীসটিতেই চেনা যায়।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটি দুটি কারণে দুর্বলঃ

১। আমের ইবনু সালেহ আল-খাযযায দুর্বল। “আত-তাকরীব” গ্রন্থে এসেছে তিনি সত্যবাদী, তবে হেফযের দিক দিয়ে ত্রুটিযুক্ত। ইবনু হিব্বান আরো আগে বেড়ে বলেছেনঃ তিনি জালকারী।

২। হাদীসটি মুরসাল।

হাদীসটির তৃতীয় সমস্যা রয়েছে, সেটি হচ্ছে মূসা ইবনু আমর ইবনে সাঈদ এর মাজহুল (অপরিচিত) হওয়া। হাফিয যাহাবী বলেনঃ তার থেকে তার ছেলে আইউব ছাড়া অন্য কেউ হাদীস বর্ণনা করেননি।

হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তার ব্যাপারটি অস্পষ্ট।

আমি (আলবানী) বলছিঃ অন্য দুটি সনদে আব্দুল্লাহ ইবনু উমার (রাঃ) এবং আবু হুরাইরাহ (রাঃ) হতে হাদীসটি বর্ণিত হয়েছে। কিন্তু সে সনদ দুটিই দুর্বল। আব্দুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত সনদটিতে মুহাম্মাদ ইবনু মূসা সা’দী নামক এক বর্ণনাকারী রয়েছেন যিনি মুনকারুল হাদীস। এ সনদে আমর ইবনু দীনার নামে আরেক বর্ণনাকারী রয়েছেন, তিনি মাক্কী নন। বরং তিনি হচ্ছেন আওয়ার বাসরী আর তিনি দুর্বল।

আর আবূ হুরাইরাহ (রাঃ)-এর সনদে মাহদী ইবনু হিলাল নামে এক বর্ণনাকারী রয়েছেন তার সম্পর্কে ওকায়লী বলেনঃ হিশামের হাদীস বর্ণনা করার ক্ষেত্রে তিনি নিরাপদ নন।

আমি (আলবানী) বলছিঃ এ মাহদীকে ইয়াহইয়া ইবনু সাঈদ এবং ইবনু মা’ঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72000

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন